

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য প্রযুক্তির সহায়তায় শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে নির্বাচিত বেসরকারী কলেজসমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্প
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
শিক্ষা ভবন, ২য় ব্লক, কক্ষ নং-৭০৯
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।

স্মারক নং- তথ্য প্রঃ নির্বাঃ বেঃ কঃ প্রঃ/পিআইইউ/জনবল নিয়োগ/১৩/২০১৩/৪১২

তারিখ- ০৪/০৯/২০১৬

নিয়োগ বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর আওতায় বাস্তবায়নাবীন “তথ্য প্রযুক্তির সহায়তায় শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে নির্বাচিত বেসরকারী কলেজসমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্প” এর আওতায় সৃষ্ট পদসমূহ পূরণের নিমিত্তে সরকারি বিধি মোতাবেক নিম্নবর্ণিত পদে সাকুল্যে বেতনে শুধু প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য অর্থাৎ ডিসেম্বর ২০১৮ খ্রিঃ মেয়াদ পর্যন্ত সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিয়োগদানের লক্ষ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	গ্রেড	বেতন স্কেল ২০১৫ অনুযায়ী সাকুল্যে বেতন	পদের সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	কম্পিউটার অপারেটর	১৪	১৮৬০০/- সাকুল্যে	১ (এক) টি	সর্বোচ্চ ৩০ বছর	দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রীধারী এবং সরকারি/প্রকল্প/বেসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা প্রতিষ্ঠানে কম্পিউটার অপারেটর হিসাবে কমপক্ষে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে
০২	হিসাবরক্ষক	১৪	১৮৬০০/- সাকুল্যে	১ (এক) টি	সর্বোচ্চ ৩০ বছর	ব্যবসায় শিক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রী পাশ হতে হবে এবং সরকারি/প্রকল্প/বেসরকারি/স্বায়ত্ত-শাসিত সংস্থা প্রতিষ্ঠানে হিসাবরক্ষক হিসাবে কমপক্ষে ০৩ (তিন) বছরের কাজ করার বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।
০৩	অফিস সহকারী	১৬	১৭৩৪৫/- সাকুল্যে	১ (এক) টি	সর্বোচ্চ ৩০ বছর	প্রার্থীকে উচ্চ মাধ্যমিক পাশ এবং সরকারি/প্রকল্প/বেসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা প্রতিষ্ঠানে অনুরূপ কাজের কমপক্ষে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

নিয়োগের শর্তাবলী

- জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mopa.gov.bd)-এ প্রদত্ত চাকরীর আবেদন ফরম অনুযায়ী বিবরণ প্রদান করতে হবে।
- আগামী ২৯/০৯/২০১৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে প্রকল্প পরিচালক, “তথ্য প্রযুক্তির সহায়তায় শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে নির্বাচিত বেসরকারী কলেজসমূহের উন্নয়ন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প, কক্ষ নং ৭০৯, শিক্ষাভবন, ২য় ব্লক, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০ এর বরাবরে অবশ্যই ডাকযোগে পৌছাতে হবে। নির্দিষ্ট সময়ের পর কোন আবেদনগ্রহণ গ্রহণ করা হবে না। হাতে হাতে কোন আবেদন গ্রহণ করা হবে না।
- আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজ-পত্রাদি সংযুক্ত করতে হবে।
প্রথম শ্রেণীর সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সাম্প্রতিক কালের তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (যদি থাকে), পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিল কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত ফটোকপি, প্রথম শ্রেণীর সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র, শিক্ষাগত যোগ্যতার সনদ এবং অভিজ্ঞতা সনদ এর সত্যায়িত ফটোকপি।
- ০৪/০৯/২০১৬ তারিখে বয়স ৩০ বছর হতে হবে। বয়স এফিডেভিফ ড গ্রহণযোগ্য নহে।
- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। বাংলাদেশের নাগরিক নহে এমন কারও সাথে বৈবাহিক সূত্রে আবদ্ধ হয়ে থাকলে কিংবা বিবাহের জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকলে তিনি আবেদন করার যোগ্য হবেন না।
- মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/পোষ্য হিসাবে আবেদনকারীকে আবেদন পত্রের সাথে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত মুক্তিযোদ্ধা পিতা/মাতার সার্টিফিকেট-এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে সরকারি বিদ্যমান বিধি বিধান এবং সরকারি নীতিমালা/কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
- ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদন পত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে বিবেচিত হবে।
- আবেদন পত্রের সাথে প্রকল্প পরিচালক, “তথ্য প্রযুক্তির সহায়তায় শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে নির্বাচিত বেসরকারী কলেজসমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্প-এর অনুকূলে ১০০/- (একশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।
- প্রার্থীর ঠিকানা সম্বলিত ৪.৫"×১০" সাইজের ফেরত খাম (৬/-টাকা মূল্যমানের ডাক টিকেটসহ) আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না।
- নিয়োগ পরীক্ষার স্থান, তারিখ ও সময় ইন্টারভিউ কার্ড এর মাধ্যমে অবহিত করা হবে। প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) অথবা মৌখিক পরীক্ষার জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।
- প্রার্থী বাছাই এর ক্ষেত্রে যে কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

০৪/০৯/১৬
প্রফেসর মো: সিরাজুল ইসলাম

প্রকল্প পরিচালক

তথ্য প্রযুক্তির সহায়তায় শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে নির্বাচিত বেসরকারী
কলেজসমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্প
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

ফোন: ৯৫৮৭৮৮৮